



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Worksheet - 4
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ পরীক্ষণ

Date : .08.07.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

গৃহস্থের ঘরের পিছনে বেগুন গাছ আছে। সেই বেগুন গাছের পাতা ঠোঁট দিয়ে সেলাই করে টুনটুনি পাখিটি তার বাসা বেঁধেছে।

বাসার ভিতরে তিনটি ছোট ছোট ছানা হয়েছে। খুব ছোট ছানা, তারা উড়তে পারে না। চোখও মেলতে পারে না। খালি হাঁ করে আর চি চি করে। গৃহস্থের বিড়ালটা ভারি দুষ্টু। সে খালি ভাবে 'টুনটুনির ছানা খাব'। একদিন সে বেগুন গাছের তলায় এসে বললে, 'কী করছিস লা টুনটুনি?'

টুনটুনি তার মাথা হেঁট করে বেগুন গাছের ডালে ঠেকিয়ে বললে, 'প্রণাম হই মহারানী!' তাতে বিড়ালনী ভারি খুশি হয়ে চলে গেল। এমনি সে রোজ আসে, রোজ টুনটুনি তাকে প্রণাম করে আর মহারানী বলে, আর সে খুশি হয়ে চলে যায়।

- ১) গৃহস্থের ঘরের পিছনে কী গাছ আছে?
- ২) টুনটুনি পাখিটি কী করে তার বাসা বেঁধেছে?
- ৩) বাসার ভিতর কী আছে?
- ৪) গৃহস্থের বিড়ালটা কেমন ছিল?
- ৫) টুনটুনি বিড়ালনীকে কি বলে সম্বোধন করে প্রণাম করে?
- ৬) শূন্যস্থান পূরণ কর।

গৃহস্থের বিড়ালটা খালি ভাবে _____।

- ৭) অর্থ লেখ : ছানা
- ৮) বাক্য রচনা কর : দুষ্টু
- ৯) সমার্থক শব্দ লেখ : গাছ
- ১০) বিপরীত শব্দ লেখ : খুশি
- ১১) পদ পরিবর্তন কর : ঘর
- ১২) 'পাখি' শব্দটির বহুবচনের রূপ লেখ।

Rita Das

_____ X _____